# বড়দিনের বখ্‌শিশ্‌।

## ( পঞ্চরং )

শ্রীগিরীশচন্দ্র ঘোষ প্রণীত।

---

( মিনার্ভা থিয়েটারে অভিনীত।)

[illegible] (আকবর) গ্রন্থ

[ ১৮৯৩ খৃষ্টাব্দের বড়দিনের পঞ্চরং ]

---


শ্রীকেদারনাথ কোঙার কর্ত্তৃক প্রকাশিত।

---

PRINTED BY P. S. SAHA,

AT THE

NEW CALCUTTA PRESS,

*No. 2, Harimohun Basu's Lane, Calcutta.*

---

1894

# পঞ্চরং—রঙ্গদারগণ।

## পুরুষগণ।

| | | |
|---|---|---|
| পরি মন্ত্রী | | |
| নজর | ... | পরীরাণীর প্রধান দূত ও কর্ম্মচারী। |
| পুঁটে মিত্র | ... | দালাল। |
| গয়ারাম | ... | কর্ত্তা। |
| মিঃ ডস্ | ... | গয়ারামের বড়ছেলে। |
| ভুলু বাবা | ... | ঐ ছোট ছেলে। |
| গদাই দাস | ... | ঐ ছেলেমেয়েদের শিক্ষাদাতা। |
| রামচাঁদ | ... | গয়ায়ামের প্রতিবেশী। |
| শ্যামাধন ঘোষ | ... | ঐ অন্য প্রতিবেশী! |
| মিঃ হাজরা | ... | বিলাতী আচার ব্যবহার প্রিয় যুবক। |
| প্রেমদাস | ... | তুলসীর মালাওয়ালা। |

জিনিগণ, ক্লাউন, থিয়েটারের ম্যানেজার, দেশহিতৈষী, টাইটেলখোর, পলিটিসিয়েন, সংস্কারক, সভ্যতার নিশানধারী, প্রেমিক, টোলধারী, জালবর ইত্যাদি।

## স্ত্রীগণ।

| | | |
|---|---|---|
| পরীরাণী। | | |
| গুলজার | ... | পরীরাণীর প্রধানা সহচরী। |
| মিসেস হাজরা | ... | মিঃ হাজরার স্ত্রী। |
| মিসি বাবা | ... | গয়ারামের কন্যা। |
| প্রেমদাসী | ... | প্রেমদাসের বৈষ্ণবী। |

পরীগণ, ফুলকপীওয়ালী, নেবুওয়ালী, ভেটকীমাছ-ওয়ালী, ও ফুলওয়ালী ইত্যাদি।

# বড়দিনের বখ্‌শিশ্‌।

## প্রথম দৃশ্য।

### হ্যারিসন রোড্‌—দিন।

থিয়েটারের ম্যানেজার।

থিয়ে-ম্যা। এ বড় দিনে বখ্‌শিশ্‌ আমরা সকলেই পাব, কেউ বঞ্চিত হবেন না, দেখ্‌বেন একটী দিব্যি আয়না, কার কতটা পোড়া-মুখ তা যাবে জানা, কারুর নাই মানা, যে আস্‌তে চাও, এসে যাও, এনাম নিয়ে চলে যাও। লাগ্‌ ভেল্‌কী লাগ্‌, যে পোড়া মুখ দেখে খুঁড়্‌বে, তারও মুখে আগুন লেগে যাক্‌, ঐ আস্‌ছেন আমার ভাই, উনি ক'রবেন্‌ খেলা জমাই।

[ প্রস্থান।

( পুঁটে মিত্রের প্রবেশ )

পুঁটে। ক'ল্‌কেতার তো কারু বাড়ী যাবার যো নেই, ফি-বাড়ীতে একটা না একটা ফ্যাসাদ্‌ বাধিয়েছি। ঐ যে আমার দাদা যাচ্ছে, ওর সঙ্গে একটা পরামর্শ করি। ও খুব তৈয়েরী; ও থিয়েটারের ম্যানেজার। দেখি যদি কিছু নূতন খেলা বা'র ক'রে। এবার ঘড়ি সারা, টাকা ধার, গিল্টার গয়না বাঁধা, জুয়া খেলা, হাণ্ড-নোট কাটায় চ'লে না আর।

[ প্রস্থান।

( নজর ও গুলজারের প্রবেশ )

উভয়ে— ( গীত )

বহুত সহর দোনো ঘুম কে আয়া ।
বড়িয়া বেকুব্‌ কোহি নেহি পায়া ।
ঘর আশ্‌মান সহর,
সহর দেখে সব হো যাওয়ে তর্‌,
হুঁয়া পরীস্থান, বাদসাজাদী হুঁয়া পরীজান,
বেকুব্‌কা বাগিচা হুঁয়ি তৈয়ার,
বেকুব্‌কা দেখ্‌নে বাহার,
পরীজান কি সক, বেকুব্‌ পৌঁছানে হোগা বেসক্‌,
বড়িয়া বেকুব বিন্‌ লে যায় কেয়া ।

পুঁটে। এই দুজনে দেখ্‌ছি বিদেশী, কিছু হাত হবে না? বেহায়া বেহায়া কি ক'চ্ছে। ও গো যা-হয়-কি সাহেব, ওগো যা-হয়-কি মেম্‌, এ মুলুকে কিছু কিন্‌বে বেচ্‌বে?

নজর। হাঁ, চিজ্‌কা ওয়াস্তে আয়া।

গুলজার। বহুত্‌ সহর ঘুমা, চিজ্‌ কোহি নেই পায়া।

পুঁটে। হাম্‌ তো সেই বাত্‌ বোল্‌তা, এ মুলুক্‌ ছোড়্‌কে কে কাঁহা কি পাতা? তিসি, সরষে, গম্‌, মাষকলাই, চাল্‌ দাল্‌, সোণার গয়না, রূপোর গয়না, জহরত, হীরে, মতি, মুক্ত, পান্না, বেনারসী, বোম্বাই, বডী কি সেমিজ, কি হুকুম কাহে নেই কর্‌তা?

নজর। হিঁয়া উল্লুক মিল্‌তা?

পুঁটে। উল্লুক কি?

নজর। বেকুব্‌!

পুঁটে। ক গণ্ডা, ক বুড়ী, ক পণ, ক শো, ক লাখ, ক ক্রোর চাতা? হাম্‌কো হুকুম কর, এ মুলুকে উল্লুক নেই! কি রকম বেকুব চাই, হাম্‌কো বাতায়কে দাও!

নজর। আচ্ছা আচ্ছা বেকুব মাঙ্গাও।

গুলজার। দর্‌কা ওয়াস্তে নেহি ডরো, মিলেগা যো চাও।

পুঁটে। কি রকম দরকার বল, ছোট রকমের কি ভাও তোমার দেখি; আমিও একটা বেকুব আছি, তা বেশী দরের; ছোট খাটো দু একটা দেখাই।

নজর। আচ্ছা মাঙ্গাও।

গুলজার। আর তোমারা ক্যা ক্যা দর বাতাও?

পুঁটে। সে দর দাম শেষে করেগা। মা বাপ্‌কে খেতে দেয় না, মাগের বুট্‌ খায়, এ উল্লুক যদি দরকার হয়, ফি ঘরে ঘরে পাবে, যে বাড়ীতে সেঁধোও। বেশ ইংরাজী কোট্‌ পেণ্টুলেন্‌ পরা, এ দিকেও বিবিয়ানা ধাঁজের সাজ্‌ গোজ্‌, যদি চাও তো ঐ নম্বরে সেঁধোও।

নজর। তোম্‌ নেহি ল্যাতেহো কাহে?

পুঁটে। আঃ আমার বাপের পিণ্ডি! হোথায় কি যাবার যো আছে? ওদের সাতগুষ্টিকে ঠকিয়েছি, বাপের বনাত নিয়েছি, বুড়ীর ভাত খাবার থালা, ছোঁড়ার ঘড়ী, ছুঁড়ীর ইয়ারিং গেঁড়া দিছি।

নজর। কুচ্‌ পরোয়া নেই, জিনী আওর পরী হ্যায় হাম্‌ লোক্‌কা সাত্‌।

গুলজার। কাঁহা বেকুব, কহো সাঁচ্চা বাত্‌।

পুঁটে। রাস্তার দু দিকেই আছে, ৩৩ নম্বরে কিছু সাজ্‌ গোজ্‌ ভাল।

নজর। যাও, জিনী আওর পরী জল্‌দি যাও।

গুলজার। দোনো উল্লুক হিঁয়া লাও।

পুঁটে। একটু ঘাপ্‌টী মেরে মজা দেখ।

নজর। বহুত্‌ আচ্ছা।

গুলজার। এ বাত্‌ সাঁচ্চা!

(জিনী ও পরীগণের প্রবেশ)

জিনী ও পরীগণ,— (গীত)

**দেখো বেকুবকা লে আয়া জোড়া,**
**ঘরমে বৈঠে রোয়ে বুড়াবুড়ী।**
**দেখ ঢংসে রংসে কেসা আওয়ে,**
**মারে গরবকি মিট্টি দাবাওয়ে।**
**গ্যাড্‌ ম্যাড্‌ হ্যাড্‌ হিঁয়া পৌঁছাওয়ে,**
**যো কাম্‌মে ভেজো ছোড়ে থোড়ি।**

[ প্রস্থান।

(হাজরা সাহেব ও বিবির প্রবেশ)

বিবি। ডিয়ার, কুক্‌ মটন ছুঁতে চায় না, তোমার বুড়ী মাকে ব'লো, ছুটো কাবাব্‌ আমাদের তৈয়ারি করে দেয়, আমি শিখিয়ে দেব; আর বাপ্‌কে ব'লো, সেই আমাদের টেবিলে দে যায়। দিনের বেলা এটা সেটা ক'রে রাত্তিরে যে কুঁড়েমো ক'র্‌বেন, তা হ'লে এক সঙ্গে খান্‌ আমার কোন আপত্তি নেই।

সাহেব। ক্যাপিট্যাল, ক্যাপিট্যাল ডিয়ার।

বিবি। হ্যালো! ইউ মন্‌কী, আমার ইভ্‌নিং ড্রেস্‌ এ'য়েছে?

সাহেব। পরশু দেবে ব'লেছে।

বিবি। বুড়ো মা বাপ্‌কে তিন টাকা ক'রে ছটাকা ছাড়্‌তে পার, আর আমার সুট্‌ পরশু আস্‌বে?

সাহেব। মাই ডিয়ার রাগ ক'রনা।

বিবি। আমি তোমার মিষ্টি কথা শুনতে চাই না। (পদাঘাত)

(গীত)

উভয়ে—

বেকুবী কার দেখ্‌তে বাসনা।

বিবি—

মোজাওলা বুটের লাথি

সাহেব—

দেখনা কাজ কি শোনা।

বিবি—

তিনশো টাকার ইভনিং সুট হ'য়েছে ফরমাস,

সাহেব—

বুড়ো বুড়ী ছটা টাকা পায় না মাসে মাস,
সিভিল জেল শিওরে, ঘরে চাট-ছুঁড়ুনী জেনানা।

বিবি—

চাট্‌ না দিলে কিসে চলে, নৈলে লাগাম্‌ মানেনা।

পুঁটে। কুর্নিস্‌ দি হাজরা সাহেব, কুর্ণিস দি বিবি।

সাহেব। আই সে,আমি তোমার উপর ভারী খুসী হ'য়েছি, আমাদের যে উল্লুকের জোড়া ব'লেছ, এতে আমরা বড় প্লিজ্‌ড্‌ হ'য়েছি।

বিবি। ভেরী মাচ্‌ ওব্‌লাইজ্‌ড্‌ হ'য়েছি।

পুঁটে। কেমন সারটফিকিট দিয়েছি বল।

হাজরা সাহেব ও বিবি। বহুত খুব, বহুত খুব।

পুঁটে। ক্যাবাত্‌ ক্যাবাত্‌, আস্‌মান সহরের বাগানটা ক'রে নিয়েছ হাত।

জিনিপরী। চল্‌ হাম্‌লোক্‌কা সাথ।

[ পুঁটে ব্যতীত সকলের প্রস্থান।

( নজর ও গুলজারের প্রবেশ)

( গীত )

গুলজার—

তোম্‌সে দোস্তি ঝক্‌মারি।

নজর—

কেয়া কসুর কহো, কাহে গোসা ভারী।

গুলজার—

দো একঠো ঠোনেসে হোতা বেজার,
সাম্‌নে দেখা কেসা লাথ্‌কা বাহার।

নজর—

করো যেসা ভাই পসন্দ্‌ তুহার,
কিয়া দেল চুরি, ময়্‌ হুয়া নাচার,

গুলজার—

ঝুট্‌ বোলনে আচ্ছা তৈয়ারি

নজর—

জান নেই কেসা নয়না-কাটারি তেরি।

পুঁটে। যে যুড়ী পাঠালেম্‌ তা কোন মুলুকে পাবে না। হিন্দু, মোসলমান্‌, খৃষ্টানে তো নেই, তবে এ সহরের কথা ধর্‌বেন

না। এটী কেমন জান ? উপরে এই চেকন চাকন্ বাড়ী ঘর দোর্ ভিতরে নর্দ্দমা, এ সহরের আজব কারখানা; মানুষও দেখ্‌বে চেকন চাকন্ ভেতরে পচা খানা। আর কি রকম উল্লুক চাই বল ?

নজর। ওম্‌দা ওম্‌দা চিজ্ ভেজো।

গুল্‌জার। ডরো মৎ, ঠিক দর দেগা।

পুঁটে। আর বেশী কষ্ট কর্ত্তে হবে না, ঐ মর্ণিংওয়াকেই বেরিয়েছে, ঐ যে অলষ্টার গায়ে, উনি বাবার সেরা বাবা ঐ যে চিড়িয়াবুটী শালের বালাপোষ গায়ে উনি শিক্ষকের বাদ্‌সা, নিকারবোকার স্যুট পরা, ঐটী বংশধর খুদে সুসন্তান আর পিনাফোর পরা ঐ মিসি বাবাটী বংশধরী। এই দিকে আস্‌ছে; তোমরা একটু আড়াল্ থেকে তামাসা দেখ।

[ প্রস্থান।

(গয়ারাম, ছেলে, মেয়ে ও গদাইকে লইয়া জিনীও পরিগণের প্রবেশ)

জিনিপরী—    (গীত)

হুয়া হুকুম তামিল, হুয়া হুকুম তামিল।

গয়ারাম গদাই—

বেকুবের এমন জোড়া মেলা মুস্কিল।

ছেলে ও মেয়ে—

বেকুবের খুদে জোড়ায় দেখ কেমন মিল।

পরীজিনি—

কেয়া খুবী বেকুবী মজেদার,<br>ঢুড়্‌নে বেকুব নেহি হোয়েগা আর,<br>দেখে পরীজানকো পুরেগা দিল।

গয়ারাম —

শিক্ষা দিতে ছেলে মেয়ে মাষ্টার রেখেছি।

গদাই—

হদ্দ মুদ্দ চেষ্টা করে আমি দেখেছি।

ছেলে, মেয়ে—

ভাই বোনে তেম্‌নি শিখেছি।

গয়ারাম, গদাই—

দেখছ যেমন ধাড়ী জোড়া

ছেলে ও মেয়ে—

তেম্‌নি জোড়া পিল।

পরীজিনি—

বেসক্‌ বেসক্‌ বোলেহে হক্‌,
এন্‌তাহাম্‌ দেকে দেখলাও আক্কিল॥

গয়া। গদাই, ছেলে মেয়েটা সাবান ইউজ করে?

গদাই। আল্‌বত্‌।

গয়া। টুথ্‌ব্রুস্‌ দিয়ে টিথ্‌ ক্লিন্‌ করে?

গদাই। অফ্‌ কোর্‌স্‌।

গয়া। সকাল বেলা উঠে তিনবার গড্‌ নেই বলে,

গদা। এভ্‌রি ডে, বে-ওজোর।

গয়া। এ বছর ক্রস্‌মাসে কি শেখালে?

গদা। ভুলু বাবা, আর মিসি বাবা!

ছেলে ও মেয়ে। সার্‌?

গদা। কি ক'রে ঘোড়ায় চ'ড়্‌বে?

ছেলে ও মেয়ে। টগাবগ! টগাবগ!

গদা। কি ক'রে বল্‌ ড্যান্‌স্‌ ক'র্ব্বে?

ছেলে ও মেয়ে,— (গীত)

মেরি মেরি এক্‌সমাস, মেরি ল্যাড্‌ মেরি ল্যাস্‌।
মেরি মেরি মেরি চান্স, মেরি মেরি মেরি ড্যান্স,
হুইস্কি সেরি ফ্লোয়িং মেরি, ওন্‌লি সরি নেটিভ অ্যাস।

গদা। কি ক'রে পথ চল্‌বে?

ছেলে। ড্যাম্‌ ড্যাম্‌ নেটীব কালা।

মেয়ে। খাবি হুইপ্‌ স'রে পালা!

(গীত)

দুজনে ডিম্‌ ফুটে বেল্লিক্‌।
বাবার জোড়া গুণের নিধি মাষ্টারটি ঠিক্‌।
বিলেত থেকে ফিরে এলে, ব'ল্‌তো তবে ড্যাম,
নিকারবোকার পিনাফোরে, আমরা সাহেব ম্যাম,
বেল্লিকিতে কে দেবে লড়াই, চ্যালেঞ্জ আমরা চাই,
বেল্‌কোমো ফি গাঁটে গাঁটে,
ঠাউরে দেখে যাও খানিক্‌।
বড় হ'লে জ্বালাব দশ দিক॥

[সকলের প্রস্থান।

(পুঁটিরাম নজর ও গুলজারের প্রবেশ।

পুঁটে। কি কল্লে, ধাড়ী জোড়াটা চালান দিলে? ঐ পিল জোড়াটা পাঠাও, ও দুটোর তো এখনও পূরো বেল্লিকি দেখনি।

নজর। বহুৎ-আচ্ছা।

পুঁটে। দু-দশটা কুচো মাল দরকার আছে কি? এই বেশ্যার জন্যে গলায় দড়ি দেয়, স্ত্রীর চন্দ্রহার চুরী ক'রে নে যেয়ে ক্সস্‌মাস্ করে, পৈতে ফেলে হাড়ী হয়? এ লিষ্টি আওড়াতে গেলে মুখে ফেঁকো ধ'রে যাবে। তোমাদের যাবার সময় দু-চারটে দোবো এখন। আপনার দেশের লোকের নিন্দে করে, বাঙ্গালীর সব দোষ দেখে, বাঙ্গালীর আগা 'গোড়া দোষ দেখে, এমন বেল্লিক যদি চাও তো এ সহর উঠিয়ে নিয়ে যাও। এ বেল্লিকের নূতন ধরণ কি জান? দুজনেই বাঙ্গালী, দুজনে গলা ধরাধরি করে চ'লেছে, আর বল্‌ছে,—বাঙ্গালী ভারি পাজি। কারুর মা বিধবা, কারুর বোন্ বিধবা, লেক্‌চার দিচ্ছে বাঙ্গালীর বিধবারা সব অসতী। মস্ত টিকি-কাটা ভট্‌চাজ্ মুরগী খাবার বিধেন দিচ্ছে, শালগ্রাম্ ছেড়ে সাহেবের আরতি ক'চ্ছে,—এ রকম কুচো বেল্লিকের দরকার আছে কি? টাইটেল্ নিতে লাখ্ টাকা দেয়, বাড়িতে এক মুঠি ভিক্ষে পায় না; সম্পাদক, থিয়েটারের ম্যানেজার?

নজর। তোম্ তো আজব বাত্ ফর্‌মাতেহো।

পুঁটে। নমুনাটা কি রকম দেখ্‌লে?

নজর। আচ্ছা তোম্ বড়া জোড়ীকা ভেজনে নেহি দিয়া কাহে?

পুটে। ওর বেকুবী কি দেখ্‌লে? ও জোড়া তোমায় দেব বটে, কিন্তু আর যদি অমন জোড়া চাও, আমি নারাজ, অমন কুলতিলক পিতা আর গুণের ধ্বজা শিক্ষা-কর্ত্তার জন্যেই তো মুলুকে বেকুব ভরা। বাপ যদি রবিবারে পান চিবুতে চিবুতে, ষ্টিক্ হাতে ক'রে, গার্ডেন পার্টিতে না যেতেন্, তা

হ'লে ছেলে কি মাগের চুড়ি খুলে নে বেশ্যা-বাড়ী সরস্বতী পূজো ক'র্ত্তো? মাষ্টারের যদি হিতাহিত জ্ঞান থাক্‌ত, যদি হিত শিক্ষা দিত, তা হ'লে কি ছাত্র ব'ল্‌ত, ড্যাম্‌ হিঁদুয়ানি, না বাপকে ওল্ডফুল্‌ বল্‌তো? তা তুমি সওদা কর আর না কর, বেল্লিকের জড় তোমায় দেব না, তবে যে জোড়া দেখিয়েছি, নে যাও, কিন্তু জবর জোড়াটী ছাড়লুম। এখনও ওর বেল্লিক-গিরি দেখাচ্ছি। ঐ যে আস্‌ছে দেখছ,—একটী বেল্লিকের চার, কাত্‌লা বেল্লিক এসে পড়্‌লো বলে।　　[ প্রস্থান।

( ফুলউলীর প্রবেশ )

( গীত )

মন্‌হরা এ ফুলের পসরা।
ফুলে বিজলী খেলে, নাগর দেয় ধরা।
সৌরভে আমোদ করে, নিয়ে যাও সোহাগ ক'রে,
সোহাগে তোলা এ ফুল, সোহাগে ভরা।

( নেবুউলীর প্রবেশ। )

( গীত )

যার সখ্‌ থাকে এ রাঙ্গা নেবু কিনে নিয়ে যাও।
রাঙ্গা হাতে ছাড়িয়ে খোসা রাঙ্গা মুখে দাও।
এ নেবু রসেতে টস্‌ টস্‌
রসভরে যার মুখে দেবে, অম্নি হবে বশ,
সোহাগে ব'সে চাঁদের হাট,
রাঙ্গা সেরি ঢেলে, কর রাঙ্গা নেবুর চাট,
এ নেবুর কদর ভারি, ক'ল্লে দেরি, পাও কিনা
আর পাও।

( পুঁটের প্রবেশ। )

পুঁটে। চারে এসে বেকুব খেলে দেখ। 'তোমার পরীকে আর ধ’রে আন্‌তে হবে না, নেবুতে আর ফুলেতেই সরগরম, এলো বলে।

( মিষ্টার ডসের প্রবেশ )

ডস্‌। এই ফুলউলী এই ফুলউলী, এই নেবুউলী ?

উভয়ে। কি বাবু, কি বাবু ?

ডস্‌। বাবু নেই মিষ্টার ডস্‌, কোর্টসিপ্‌ ক’রে বে কর্ত্তে পার্ব্বে ?

ফুলউ। তোমায় আগে বল বাবু বল্‌ব না কি ব’ল্‌ব ?

ডস্‌। মিষ্টার ডস্‌।

ফুলউ। মটর খস্‌ কি ব’ল্‌ছেন ?

ডস্‌। কোর্টস্নিপ্‌।

ফুলউ। হাঁ, তোমার মত কত সাহেব কোটে তোড়া পরে।

ডস্‌। আমি তা বল্‌ছিনে, পছন্দ করে বে কর্ব্বে ?

ফুলউ। ওমা পাগল নাকি ?

ডস্‌। যেওনা, আমি সব ফুল তোমার কিনে নিচ্ছি, তোমার একটা কথা পেলে হয়; তোমার বে করবার ইচ্ছে আছে ?

ফুলউ। ফুল নেবে ?

ডস্‌। ওকথা তো চুকে গিয়েছে। ফুল নিয়ে তোমায় সাজাব। একটু দাঁড়াও, কোর্টসিপ্‌ করি।

ফুলউ। ওলো দেখ্‌ মিন্‌সের ঢং দেখ্‌।

ডস্‌। নেবুউলী তুমি রাজী আছ ?

নেবুউ। রাজী আছি, তুমি কি দুজনকেই বে ক’র্ব্বে ?

ডস্‌। না, একজনকে।

নেবুউ। তবে আমরা চল্লুম।

ডস্‌। দাঁড়াও তোমাদের দুজনেরি বে হ'তে পারে। ঐ গদাই দাস আস্‌ছে, ও একজন্‌কে বে কর্ত্তে পারে, আমিও এক জনকে পারি।

লেবুউ। তা তখন বে ক'রো, আমরা চল্লুম।

ডস্‌। আচ্ছা, তোমাদের কার্ড দিয়ে যাও।

ফুলউ। সে আবার কি?

ডস্‌। বাড়ীর নম্বর বল, আমি একটা সলা ক'রে যাচ্ছি, যাও কোথায়, নম্বর বোলে যাও।

ফুল ও নেবুউলীর প্রস্থান।

( গদাই দাসের প্রবেশ। )

গদা। নেভার মাইণ্ড, আমি ও দুজনেরি বাড়ীর নম্বর জানি। আপনার মতলব হাঁসিল হবে, আপনি যদি ঘোষেদের বাড়ী বে না করেন।

ডস্‌। এই ক্রসমাসে যেমন করে হয় বে ক'র্‌বই। যদি কোর্ট-সিপ্‌ কর্ত্তে পেলেম্‌ না, সিভিল ম্যারেজ হ'লো না, নাইন্‌টিন্থ সেঞ্চুরীতে তবে পিস্তল খেয়ে মরা ভাল।

গদা। সে সব ভাবনা আপনার কিছু নেই। এক বেটী হাড়িনী কোর্টসিপ্‌ কর্ত্তে রাজী হ'য়েছে, আজ্‌ তারে সমস্ত দিন বুঝিয়ে রাজী করেছি। সে হাড়িনী বেটী তোমাদের বাড়ীতে খাটে।

ডস্‌। না, সে বড় ক্যাডাভ্যারাস্‌, আমি দেখেছি। নামটী খুব জবর হয় বটে, কিন্তু আমার মন ঐ ফুলউলীর দিকে। তুমি তুমি যদি নেবুউলীকে বে কর ত ফুলউলী আমার হাত হয়।

গদা। দেদার রাজী, আমি লেবুউলীর বাড়ী উঁকি ঝুঁকিটা মেরে আস্‌ছি।

ডস্‌। আচ্ছা তুমি যাও, আমি ওয়েডিং ড্রেস্‌টা ফরমাস্‌ দিয়ে যাই।

[ উভয়ের প্রস্থান।

( গয়ারামের প্রবেশ )

গয়া। গুওটাকে আমি ত্যজ্য পুত্র ক'র্ব্বো, অমন উইডো, তার সঙ্গে জোগাড় কল্লেম্,বিশ বিশ হাজার টাকা হাতে লাগতো, আমার একটা নাম বেজে যেত, তা গুওটা আমার মুণ্ডু হেঁট ক'ল্লে। আমি ভাব্‌ছি আমাদের বুড় রামচাঁদের সঙ্গে বে দেব, সেও বে বে করে, কিন্তু বুড়ো দেখে তারা যদি না রাজী হয় ?

গদা। তার একটা প্ল্যান্‌ আছে, তা আপনার ছেলে তো বে কর্ত্তে চায় না ; তা লাইন ক্লিয়ার আছে রামচাঁদ হুইস্‌ল দে বেরিয়ে যাক্‌ না ?

গয়া। একটা ফ্যাঁসাদ্‌ প'ড়েছে, দশ হাজার টাকা ক'নের নামে লিখে দিতে হবে! আমাকে তার জামিন হ'তে হবে, রামচাঁদের তো কিছু নেই।

গদা। তার জন্যে ভাবনা কি ? রামচাঁদ তো আপনার হাতেই আছে, তার ঠেঁয়ে পাল্‌টে লিখে নেবেন্‌।

গয়া। কি জানি, পরের হাতে যাওয়া; কেউ কারুর নয়, ভাই, কেউ কারুর নয়, টাকাই আপনার। আর এক মুস্কিল, রামচাঁদকে বুড়ো দেখে যদি বে না দেয় ?

গদা। তার এক উপায় আছে, রামচাঁদের চুল ছেঁটে কলপ লাগিয়ে দিন।

গয়া। তারা যদি না রাজী হয়?

গদা। ফিকির কর্ত্তে হবে। রামচাঁদকে ছোঁড়া সাজিয়ে ট্রাইসিকেলে চড়িয়ে নে হাজির করা যাবে। আর আপনার ছেলে বলে পাস কল্লেই বা হান কি।

গয়া। না না, আমার ছেলেকে চেনে। রামচাঁদ বুড়ো মানুষ ট্রাইসিকেলে চড়বে কি করে?

গদা। একটা থিয়েটারের ছোঁড়াকে সাজিয়ে ট্রাই-সিকেলে চড়িয়ে, একদিকে আপনি চামর ঢোলাবেন আর একদিকে রামচাঁদ, লোকে জান্‌বে যে আপনারই ছেলের বে হবে, থিয়েটারের ছোঁড়াটা মার্‌বে দৌড় আর রামচাঁদ তার (Take his place) টেক্ হিজ্‌ প্লেস্ ক'র্‌বে; কাজটা শীঘ্র শীঘ্র সারবেন্, তা নইলে গোল্ হবে। এই ক্রস্‌মাসের দিন বাগানে যদি কাজ্‌টা সার্‌তে পারেন, তা হলেই আপদ চুকে যায়, বলেন তো আমি সব ঠিক ঠাক জোগাড় করি। রামলীলের বাগান আমার হাতে আছে, এক রাত্রে তিন জোড়া বর ক'নে বেরিয়ে আসি।

গয়া। তিন জোড়া কি?

গদা। রামচাঁদ, আমি, আর আপনার বংশধর মিষ্টার ডস্ মিষ্টার ডস্ এক ফুলউলীকে বে কর্ব্বে, আমি নেবুউলী আর রাম চাঁদ তো আছেই, এই তিন জোড়া।

গয়া। সে কি ফুলউলী বে ক'র্ব্বে?

গদা। জরুর।

গয়া। তবু আমার প্রাণটা ঠাণ্ডা হ'লো। ছেলেটা একটা নাম রাখ্‌বে, ইণ্টারম্যারেজ হবে কিনা? আর তুমি যে নেবুউলী বে কর্ত্তে যাচ্ছ, কিছু টাকাকড়ি তার আছে না কি?

গদা। টাকা কড়ি কি আছে জানি না, বড় বড় কমলা-নেবুত মাথায়দেখ্‌লেম্‌।

গয়া। ওহে ভাল ক'রে না জেনে শুনে বাঁধা যেও না। ছেলেটা ইণ্টারম্যারেজ ক'রে খোরাকীর দায়ে যদি জেলে যায়, যাক্‌, আমার আপত্তি নেই, কিন্তু তোমায় আমি ছাড়তে পাচ্ছি না, তুমি জেলে গেলে আমার ছোট ছেলে মেয়েকে কে শেখাবে? তোমার মত এমন চুড়ন্ত মাষ্টার আর কোথা পাব?

গদা। মাষ্টার ঢের আছে, তার জন্যে চিন্তা নেই, তবে অনুগ্রহ ক'রে আপনি যা বলেন। আমি বাঁধা যাচ্ছিনে। তবে আপাততঃ কমলা নেবুটা আস্‌টা ত চলুক্‌, তারপর ভেট্‌কিমাছ উলীটুলী দেখে নেব। খোরাকীর নালিশ কেউ কর্ত্তে চাইবে না। আমাকে জেলে দিলে উল্টে জেলে খোরাকী গুণ্‌তে হবে।

গয়া। তা যা ভাল বোঝ, কিন্তু দেখো নিজের বে-তে যেন ব্যস্ত থেক না, আমার কাজের জোগাড়ে তোমায় থাক্‌তে হবে।

গদা। সে জন্যে ভাব্‌বেন না, রামচাঁদকে কেবল ওয়াটসন্‌ সামারের বাড়ী থেকে চুল্‌টো ছাঁটিয়ে কলপ দে নিন্‌।

গয়া। ইংরাজী বাদ্দীটাদ্দী ক'রে যাবার ফয়রা দিয়েছে।

গদা। অতয় কাজ নেই, ট্রাইসিকেলে বর বেরুবে, আর আমরা পাঁওদলে চামর ঢুলাতে ঢুলাতে যাব।

গয়া। রামচাঁদকে যদি চিনে ফেলে?

গদা। আপনি নিশ্চিন্ত থাকুন্‌। একজন থিয়েটারের সাজ-

ওলা আমার হাতে আছে, সকাল বিকেল রামচাঁদকে নে সাজের মওলা দিলেই ঠিক্‌ ক'রে নেবে। আমি ও থিয়েটারের মজা জানি, আমি ফ্রি পাশ্‌ নে গেছলুম্‌, পরচুলো দে ছোঁড়া সাজে, আমি শিখে নিয়েছি, আপনি ভাববেন না।

গয়া। তবে তুমিই সব ঠিক্‌ ঠাক্‌ কর।

গদা। আপনি যান্‌, আমি কেবল নেবুউলীর জানালায় উঁকি দে বেরিয়ে পড়্‌ছি।

[ সকলের প্রস্থান।

( ভিখারীগণের প্রবেশ )

( গীত )

কেয়া দেলকেয়া তোম্‌নে জানা,
যব তক্‌ রাম না পছানা।
সীতারামনাম কভি না লিয়া,
মালখাজানা পিয়ারা।
কুছ কেয়া তেরা সাথ চলেগা,
সমঝানা ভাই জেরা।
লেড়কা লেড়কী জরু তোমারা,
সম্‌ঝো জো আপনা,
খাকি কায়া খাক্‌ বনেগা
কিস্‌সে হোগা মানা।

যব তক্‌ তেরা হুঁস রহে ভাই
আপ্‌না কাম উঠানা,
রোতে আয়া আখের দেখো,
লেকড়িকো শেরোয়ানা।

[ প্রস্থান

( শ্যামাধন ও পুঁটের প্রবেশ )

শ্যামা। পুঁটীরাম বল কি? সত্যি নাকি বুড়ো ব্যাটা আমাকে ঠকাবে? আপনার ছেলের সঙ্গে বে দেবে না, রামচাঁদের সঙ্গে বে দেবে? তোমার কথামত তো লিখে পাঠিয়েছি যে বিশ হাজার টাকা যতুক দেব। বুড়ো ব্যাটাকে জব্দ কর্ত্তে পার্ব্বে তো?

পুঁটে। আচ্ছা জব্দ করে দিচ্চি। তুমি শুধু বলে পাঠাও যে দশহাজার টাকা স্ত্রীধন দিতে রাজী হ'য়েছে তা' নগদ বের রাত্রেই দিতে হবে।

শ্যাম। তাতে রাজী হবে!

পুঁটে। বিশ হাজার টাকা যতুকের লোভে রাজী হবে।

শ্যাম। তার পর কি হবে?

পুঁটে। ও যেমন রামচাঁদকে আপনার ছেলের বদলে খাড়া কর্ব্বে, আমরাও তেমনি আপনার মেয়ের বদলে একটা দাসী ফাসী খাড়া করে দেব। ক'নে ত আগে বার কত্তে হবে না, স্ত্রীধনের টাকাটা আগে বাঁটোয়ারা করে নিয়ে যে বেটীকে হয় বার করে দেব।

শ্যাম। আমায় ত বিশহাজার টাকা যতুক দিতে হবে।

পুঁটে। কেন? ওর ছেলের সঙ্গে আপনার মেয়ের বে'

হ'লে তবে ত যতুক দেবেন। রামচাঁদের সঙ্গে বেমলা কি পদীর বে হলে ত নয়।

শ্যাম। আমরাই বা ওর দশহাজার টাকা নিই কি বলে?

পুঁটে। তুমি আর কল্‌কেতায় থেক না।

শ্যাম। ওহে, এ যে জুচ্চুরি হবে—

পুঁটে। আর ওরই কোন্‌ শাউখুড়ী হবে?

শ্যাম। ওর টাকাটা হজম কোর্কো কি করে?

পুঁটে। এটা আর বুঝ্‌তে পাচ্চ না? উনি সৌখিন পুরুষ রামচাঁদের বে'তে সখ্‌ করে রামচাঁদের স্ত্রীর স্ত্রীধন করে দিয়েছেন। তবে যে বেটীর সঙ্গে রামচাঁদের বে হবে তার সঙ্গে সড় কত্তে হবে। সে দুশো পাঁচ্‌শো ছাড়লেই ঠিক হবে। বরং তুমি উল্‌টে দাবি কত্তে পার্‌বে যে ছেলের সঙ্গে বিয়ে দেবার কথা কথা ছিল তা দেয়নি।

শ্যাম। বেশ্‌ কথা, বেশ কথা।

[ প্রস্থান।

( প্রেমদাস ও প্রেমদাসীর প্রবেশ )

( গীত )

প্রেমদাস—

জপে এ মোটা মালা বাবাজী গুণ্‌গুণ্‌।

প্রেমদাসী—

সরু মালা কণ্ঠি ক'রে, বষ্টুম দিদি গলায় পরে,<br>
কোপ ক'রে ঝোপে ব'সে লাগিয়ে দেয় আগুণ।

প্রেমদাস—

এ মালা ঝুলিতে যার, পাঁচ সিকে লাগে না তার,

প্রেমদাসী—

সরু কাঁঠীর তুলসী হারের কব কি বাহার ঃ—

মরদে ভেড়া বনে,

প্রেমদাস—

মাগীর চড়ে খুন

উভয়ে—

সখের এ তুলসীমালার কব কত গুণ।

প্রেমদাস। পাঁচ সিকে দে নবদ্বীপের মেলায় এনেছি কিনে, যখন আড়নয়নে নজ্‌রা মারেন, ইচ্ছে হয় মারি দৌড় টেনে।

প্রেমদাসী। ওকি কম ঘেন্‌ঘেনে, সাধে কি সাত খেংরা মারি রেতে দিনে। কেউ কি এমন আছেন গা, যে ঘরকন্না করেন সেবাদাসী নে।

(পুঁটের প্রবেশ)

পুঁটে। এইবার আমার বেল্লিকগিরি দেখ। ওরে তোরা রোজগার ক'রবি? দশ দশ হাজার টাকা!

প্রেমদাস। কি ক'র্ত্তে হবে?

পুঁটে। এই বড় দিনের দিনে তুই সাজবি ক'নে, আর তুই সাজ্‌বি পুরুত।

প্রেমদাসী। ক'নে সাজ্‌বো কি গা?

পুঁটে। সে আমি ব'লে ক'য়ে দেব।

প্রেমদাস। পুরুতগিরি আমি একবার ক'রেছিলুম্‌ তা পার্ব্বো। সেই যে সেই খাঁদা পদ্মর মেয়ের বের সময়।

পুঁটে। শোন্‌ তোর হিষ্টিরিয়া আছে?

প্রেমদাসী। ইষ্টি্‌ ফিষ্টি জানিনি বাবু।

পুঁটে। তবে শেখ্‌, পড়্‌, এম্‌নি চিত হ'য়ে পড়্‌, এম্‌নি হাত পা ছোঁড়, এম্‌নি দাঁত কিড়্‌ মিড়্‌ কর্‌।

(পুঁটেমিত্রের মালাউলীর নাকের কাছে শিশি ধারণ)

প্রেমদাসী। ও কি কর গো?

পুঁটে। এম্‌নি ক'রে নাকে স্মেলিং সল্ট্‌ ধ'র্ব্বে, এম্‌নি ক'রে দাঁত কপাটী ভাঙ্গ্‌বে, আর যেই দাঁত কপাটীটে ভেঙ্গেছে, এম্‌নি করে গলা জড়িয়ে ধ'র্ব্বে।

প্রেমদাস। ছাড়্‌ ছাড়্‌।

পুঁটে। যারে লেলিয়ে দেব, সেও ছাড়্‌ ছাড়্‌ কোর্ব্বে, তুই খবরদার ছাড়্‌বিনি, শিখেছিস্‌?

প্রেমদাসী। ঠিক্‌।

পুঁটে। তুই শ্যামাধন ঘোষের মেয়ে, বুঝ্‌লি? আর তুই শ্যামাধন ঘোষের পুরুত্‌। যা বাসায় যা, সন্ধে বেলা নিয়ে যাব এখন।

প্রেমদাসী। আমাদের বাসা চেন?

পুঁটে। এই কার্ত্তিক মাসে মালা ঠকিয়ে এনেছি, আর তোর বাসা চিনিনে?

[পুঁটে ব্যতীত সকলের প্রস্থান।

ডসের প্রবেশ।

ডস্‌। ফুলউলী বেটী তো রাজী নয়, এখন উপায়? ক্রসমাসের ভেতর বে ক'রে হাত ধরে নে গে তো পিক্‌নিক্‌ ক'ত্তেই হবে, একটা সেন্‌সেসন্‌ হবে।

পুঁটে। আর শুন্‌ছেন মশায়, শ্যামাধন ঘোষের মেয়ে কোটসিপ্‌ ক'রে বে ক'ত্তে রাজী!

ডস্‌। বল কি?

পুঁটে। অমন মেয়ে আর নেই, আপনাকে সে বে কোর্ব্বেই কোর্ব্বে। কোটসিপ্‌ শিখেছে, হিষ্টিরিয়া শিখেছে, গাউন্‌ কিনেছে, যা যা চান্‌, লম্বা চুল ছিল, বিবিদের মতন্‌ খাদি ক'রে কেটেছে, সব ঠিক্‌ ঠাক্‌—একটা ফ্যাসাদ্‌।

ডস্‌। কি?

পুঁটে। আপনার বাপ, ঐ বুড়ো রামচাঁদের সঙ্গে বে দিয়ে যৌতুকের টাকাটা হাত কোর্‌বে।

ডস্‌। কি এত বড় আস্পর্দ্ধা! ওল্‌ডফুল্‌, আমি ডুয়েল্‌ লড়্‌ব।

পুঁটে। বাঃ বাঃ এ ক্রুশ্‌মাসে একটী কীর্ত্তি রাখ্‌বেন দেখ্‌ছি।

ডস্‌। কি রকম? কি রকম?

পুঁটে। কন্যাও সম্প্রদান্‌ হবে, আপনি এক জোড়া পিস্তল হাতে ক'রে থাক্‌বেন; একটা আপনি রাখ্‌বেন, একটা আপনার বাপের হাতে দেবেন, বল্‌বেন ডুয়েল্‌ লড়; চারিদিকে ক্লাপ্‌ পড়ে যাবে, বিলেত পর্য্যন্ত খবর হবে।

ডস্‌। আমার পিক্‌নিকের কি হবে?

পুঁটে। ঐ ফুলউলী বেটীকেই যোগাড় করব।

ডস্‌। হাঁ ঠিক্‌ বলেছ; তাতেও একটা নাম আছে, ইণ্টার-ম্যারেজ হবে, আর বিশেষ ফুলউলীকে আমার বড় পছন্দ।

পুঁটে। তবে পিস্তল দুটোর যোগাড় দেখুন, ডুয়েল করা চাই-ই চাই।

ডস্‌। কিন্তু গুলি পুরে না, ফাঁকা আওয়াজ্‌।

পুঁটে। তা বই কি!

[ উভয়ের প্রস্থান।

( নজর ও গুল্‌জারের প্রবেশ। )

( গীত )

নজর—

তেরা দোস্তিমে ঘুম্‌কে হুয়া হয়রাণ।

গুলজার—

ফিন্‌ ঝুট্‌ কহো, চুপ্‌ চাপ্‌ রহো বেইমান্‌।

নজর—

হাম্‌সে বেকুব নেহি তুঝে বাতাই,

গুলজার—

তেরা গালেমে ঠোনা লাগাই,

উভয়ে—

তেরা পিছে ঘুমাতেহো কহো সাফাই,

নজর—

তেরা পায়ের্‌মে ছোড়া হ্যায় জান্‌,

গুলজার—

তেরা বাঁদী সমঝ্‌কে কর্‌তেহো কাণ।

[ প্রস্থান।

---

1898

# দ্বিতীয় দৃশ্য

## হ্যারিসন রোড্‌—রাত্রি।

(গয়ারাম, ট্রাইসিকেলে বররূপী জনৈক যুবক, গদাই, বরবেশী রামচাঁদ ও চামরহস্তে বালকবেশে ফুলকপীওয়ালী, এবং ভেট্‌কীমাছওয়ালীর প্রবেশ।)

গয়ারাম। গদাই, শুন্‌ছি বেটা ডুয়েল লড়্‌বে?

গদা। ভয় কি?

গয়া। ব্যাটা ভারী গোঁয়ার!

গদা। কিছু ভাব্‌বেন না, আমি আগে একে তরিবৎ দি, (যুবকের প্রতি) হাঁ গ্যাখ্‌, তুই খিচে রড় দিবি (গয়ারামের প্রতি) আর আপনি ঐ রামচাঁদকে বসিয়ে দেবেন।

গয়া। হাঁ আমি রামচাঁদকে বসিয়ে দেব। গদাই, বেটা'ত ডুয়েল লড়্‌বে না?

গদাই। ভয় কি? যায় প্রাণ ভিক্ষে মেগে খাবেন।

বর। আমি এইখান থেকেই দৌড় মার্‌ব নাকি?

গদা। না, কনের বাড়ীর দোর গোড়ায়।

গয়া। হাঁ, কনের বাড়ীর দোর গোড়ায়। গদাই, আমার বড় ভয় কচ্ছে।

গদা। কুছ পরোয়া নেই।

গয়া। এ ছোঁড়াটা কে?

গদা। নেবুউলী বেহাত হয়েছে, ও ভেট্‌কিমাছওয়ালী —আমার প্রাণ প্রেয়সী।

গয়া। হাঁ ভেট্‌কীমাছওয়ালী। এ ছোঁড়াটা কে?

গদা। ফুলওয়ালী বেহাত হোয়েছে, ও ফুলকপীওয়ালী, মিষ্টার ডসের মাই-ডিয়ার।

গয়া। হাঁ ফুলকপীওয়ালী। ওদের নে যাচ্ছ কেন?

গদা। ছুটো কায হবে।

গয়া। হাঁ ছুটো কায হবে।

গদা। এই জিম্‌নাষ্টিক ছোঁড়া মার্ব্বে একধার থেকে লাফ্‌ আর আমি মার্ব্ব একধার থেকে লাফ্‌।

গয়া। হ্যাঁ তুমি মার্‌বে লাফ্‌।

গদা। আর রামচাঁদ বস্‌বে মাঝ্‌খানে।

গয়া। রামচাঁদ ব'স্‌বে মাঝ্‌খানে। বেটা'ত ডুয়েল লড়্‌বে না?

গদা। লড়ে লড়্‌বে; ভয় কি? ফুলকপীউলী আছে। আর ছুছোঁড়া চামর ঢোলাবে।

গয়া। হ্যাঁ আর ছুছোঁড়া চামর ঢোলাবে।

গদা। এই এক কাজ।

গয়া। হ্যাঁ এই এক কাজ।

গদা। আর আস্‌বের সময় তিন জোড়া বর ক'নে বেরিয়ে আস্‌বে।

গয়া। হ্যাঁ তিন জোড়া বর ক'নে বেরিয়ে আসবে।

মাষ্টার! গুওটাত দাঙ্গা কর্ব্বে না?

গদা। ভাবছেন্‌ কেন? ফুলকপীউলী ঠাণ্ডা কর্ব্বে।

ফুলকপীউলী। সে ভাব্‌বেন না বাপু!

গয়া। গুওটা ভারী গোঁয়ার।

ফুলকপীউলী। মুণ্ডু ঘুরিয়ে দেব তার।

গয়া। হ্যাঁ মুণ্ডু ঘুরিয়ে দেবে তার।

(গীত)

আমরা বর ক'নে তিন জোড়া।
ধাড়ী দুটো সঙ্গে আছে, পেছিয়ে আছে ছোঁড়া॥
জেলের মেয়ে মালীর মেয়ে আমরা দুজনে,
মালাউলী ঘোম্‌টা দিয়ে ক'নে সেখানে,
দেখ্‌বে এস সখের বর ক'নে,
আকার প্রকার বরগুলির ঠিক, নয়ক কেবল মুখপোড়া
এস মুখ জ্বালিয়ে দেবে, জ্বেলে নে
ঝ্যাঁটার গোড়া।

[ সকলের প্রস্থান।

---

## তৃতীয় দৃশ্য।

---

আটচালা।

( পুঁটে মিত্র ও ডসের প্রবেশ। )

পুঁটে। ডুয়েল লড়্‌বে না? নাম কিন্‌বে না?

ডস। দেখ, বড় ক্যাডাভ্যারাস্‌ চেহারাটা, ও রামচাঁদের উপর দিয়েই যাক্‌।

পুঁটে। তা যাক্‌ না। তোমার তো ফুলউলী আছে, তা ব'লে ডুয়েল লড়্‌বেনা? দেখ, টাকার জন্যে বাপকে গুলি করেছিল, বিলেত পর্য্যন্ত নাম গিয়েছে, ভাইকে বিষ খাইয়েছিল আমে-

রিকার লোক পর্য্যন্ত মোহিত, তুমি সাম্‌নাসাম্‌নি বাপকে চ্যালেঞ্জ ক'রে সরগরম নাম করে ফেল।

ডস। পুলিশে ধরবে না ত?

পুঁটে। পুলিশে ধরবে?—মোহিত হয়ে সব দাঁড়িয়ে দেখ্‌বে।

ডস্‌। ভাব্‌ছি যদি সাজা হয়ে যায়!

পুঁটে। আইন কোথা পাবে যে সাজা দেবে? পিনাল কোড্‌ আন্‌ছি, আপনি দেখুন যদি বাপকে চ্যালেঞ্জ করা কোথাও থাকে তবে ত সাজা দেবে? বেআইনি তো আর কর্ত্তে পার্‌বেনা। চুরী-ডাকাতি, গুম্‌ খুন, জালজালিয়াত, বলাৎকার, ভ্রূণহত্যা এরি সব সাজা লিখেছে, বাপ্‌কে চ্যালেঞ্জ করা আইনকর্ত্তা বা তাঁর বাবার মাথায় কখন এসেনি।

ডস্‌। বটে! তবে লে আও পিস্তল।

পুঁটে। এই নাও মুড়ি দিয়ে বসো, লোকে জিজ্ঞাসা কল্লে বোল্‌বো, তোমার বাবার বিয়ের দান সামগ্রী চাপা আছে।

[ মিঃ ডস্‌ ও পুঁটের প্রস্থান।

( প্রেমদাস, রামচাঁদ ও গয়ারামের প্রবেশ )

গয়া। আমি ত স্ত্রীধন দিয়েছি, তবে বিয়ে দিতে দেরি কচ্চ কেন? যতুকের টাকা আর ক'নে নে এস।

প্রেমদাস। চেঁচাবেন্‌ না, চেঁচাবেন না, আপনার ছেলে পিস্তল হাতে করে ও ঘরে আছে। বাসি বের সময় যৌতুক দেওয়া যাবে, আর কনে এলো বলে।

মন্তর পড়ি ফড়্‌ ফড়্‌, জুতো পড়ুক ধড়্‌ ধড়্‌, ক'নে আস্‌ছে চপ্‌ চপ্‌, চল্‌বে ঝাঁটা সপ্‌ সপ্‌, বর ক'নেতে রাজযোটক্‌, দ্বিজ গোবিন্দ ভণে তোটক। প'রে ক'নে নূতন সাড়ী, ধরবে তেড়ে

বরের দাড়ি, এ বের টোপর কেলে হাঁড়ী, জুতোর মালা গাঁথ্‌ছে হাড়ী, মুচি দেবে জলের ছড়া, দ্বিজগোবিন্দ ভণে ছড়া।

( ক'নেরূপী প্রেমদাসীর প্রবেশ )

ক'নে। প্রাণনাথ মালা পর।

রাচাঁদ। আরে, এ কে ?

কনে। প্রাণনাথ, আমায় চিন্তে পাচ্চ না? তবে আমি মূর্চ্ছ যাই।

রামচাঁদ। ছেড়ে দে।

ক'নে। পুরুত ঠাকুর ছেড়ে দাও, আমি ভারী হাত পা ছুঁড়ছি; প্রাণনাথ নাকে স্মেলিং সল্ট ধর্ব্বে, আমার হাতেই আছে, প্রাণকান্ত, নাও, নইলে ভেঙ্গে যাবে।

রামচাঁদ। সব জুয়াচুরি।

ক'নে। প্রাণনাথ,এলেনা; তবে আমি উঠে গলায় গামছা দি।

( মিষ্টার ডসের প্রবেশ )

ডস্‌। ওল্‌ড বয়, এমন হিষ্টিরিয়াওয়ালা মেয়ে তুমি রামচাঁদকে বে দিতে এসেছ ? আমায় দিলে না, এই পিস্তল নাও, ডুয়েল লড়।

গয়া। আমি বাপের সঙ্গে ঝকমারি করেছি, দশ দশ হাজার টাকা যতুক দিয়েছি ; বাবা, তোর আর পিস্তলে কাজ নেই, তাতেই আধমরা হয়েছি, টাকার শোকে বাড়ী গিয়ে পুরো মরে থাক্‌বো।

ডস্‌। বাড়ীতে গিয়ে মর মর্‌বে, এখন ডুয়েল লড়ে যাও। ওকে রামচাঁদ নিক্‌, আমার ফুলউলী আছে।

( ফুলকপীউলীর প্রবেশ )

ফুলকপীউলী। আছি ত বটে, আছি তো বটে।

ডস্‌। মাষ্টার, এ কে ?

( গদাই ও ভেট্‌কীমাছউলীর প্রবেশ )

গদা। কি করব বাপু, সে ফুলউলী লেবুউলী পেলেম্‌ না, তোমার জন্যে ফুলকপীউলী এনেছি আর আমি ভেট্‌কীমাছউলী নিয়েছি।

পুরুত। তা দেখুন কর্ত্তা বাবু, ঘোষেদের মেয়ের বে হ'য়ে গেছে; কি করি, আমি নবদ্বীপ থেকে কেনা সখের বষ্টুমী তোমার এ সাজান ছেলেকে দিয়েছি।

ক'নে। আর শ্বশুর মশায়, আমি ওঁর পায়ে প্রাণ সঁপেছি।

ফুলকপীউলী। আর আমি তোমার পিস্তল দেখে মজেছি।

ভেটকীমাছউলী। তোমার কি দেখে মজেছি, দাঁড়াও, একটু আঁচি।

রামচাঁদ, ডস্‌, গদাই। এখন ছেড়ে দিলে বাঁচি।

( গীত )

বেকুবী হদ্দ হয়েছে।
আসমানে পরীস্থানে নিতে এসেছে।
সেথা বেকুবের একজাই,
বিচার হবে বেকুবের কে চাঁই,
টোপর মালা আর কত কি রয়েছে।
যার যেমন বেকুবী, তারে তেমনি দেবে বেছে।

## চতুর্থ দৃশ্য।

---

পরীস্থান।

( পরিরাণী পরিমন্ত্রী ও পরিরাণীর সহচরীগণ
দেশহিতৈষী যুবক, টাইটেলখোর, পলিটিসিয়ান. সভ্যতার
নিশানধারী, টোলধারী, রিফর্ম্মার, প্রণয়ীদিগকে দড়িতে
বাঁধিয়া হামাগুড়ি দেওয়াইতে দেওয়াইতে
চাবুক হাতে ক্লাউন ও দুই
জন পরীর প্রবেশ।)

পরীগণ। ( গীত )

পরীজান্‌কি এনসাফ্‌ জবর।
যেসা বেকুব তেসা উস্‌কা কদর॥
তোম্‌ চিল্লা চিল্লাকে দেতেহো জান্‌,
আচ্ছা এনাম্‌ দিয়া পরীজান্‌,
হো যাও খুসী,
দেখে সব্‌ কোই খাক্‌মুকি হাসি
বরষ বরষ তোম্‌কা হোগা খবর॥
নামকা ওয়াস্তে, তোম্‌ জিতে মর্‌তে,
চলা যাও এনাম্‌ লেকে,
হো যাও খুসী, দেখে সব কোই খাকমুকি হাসি,
পরীজান রাজী হায় তোমারা পর॥

বড়া বেকুবীবাজ, লেগা তোম্‌ রাজ
হো যাও খুসী, দেখে সব কোই খাকমুকি হাসি,
বেকুবী কর্‌তে রহো ক্যা তেরা ডর ॥
তেরা আক্কেলকা ক্যা কহেনা,
মরদ করনে মাঙ্গো জেনানা,
হো যাও খুসী দেখে সব কোই খাক্‌মুকি হাসি,
তোম্‌ লিয়ে রোতে ক'ল্‌কেত্তা সহর ॥
জাহির হোনেসে তেরা কারদানী,
রসিমে ঝুলেগা হিন্দুয়ানি
হো যাও খুসী, দেখে সব কোই খাক মুকি হাসি,
তোম্‌সে বেকুব থোড়া আতা নজর ॥
তেরা ধরম সাঁচ্চা, তেরা আক্কেল আচ্ছা
হো যাও খুসী, দেখে সব কোই খাকমুকি হাসি,
গুণ তেরা গায়েগা ঘর ঘর ॥
এন্‌লোক্‌কে হুয়া ভাই তেরা তোয়াজ
ধরম করম ছোড়া, ছোড়া হ্যায় লাজ,
হো যাও খুসী, দেখে সব কোই খাকমুকি হাসি
বহুৎ থোড়া বেকুব হ্যায় তেরা উপর।
বাহোয়া বাহোয়া,
ঘুম্‌তে ফির্‌তে লেও প্রেম কি হাওয়া,
হো যাও খুসী, দেখে সব কোই খাক মুকি হাহি,
ছাতি হেলাকে যাও ফর্‌ ফর্‌ ফর্‌ ॥

পরী-মন্ত্রী। কুচো বেল্লিক ত সব বিদেয় হ'লো, এখন বড় বড় বেল্লিক নে এস, এনাম দেব।

( হাজরা সাহেবের প্রবেশ )

পরী-মন্ত্রী। তোমায় আমরা চিনি, তুমি রাস্তাতেই জাহির করেছ কারদানী, মাগের বুট শুদ্ধ লাথি খেয়েছ, তুমি বেকুব বটে কিন্তু তোমার স্ত্রীর বেকুবী একচেটে ; একটু তফাতে দাঁড়াও, তোমার স্ত্রী পেছিয়ে আস্‌ছেন, সঙ্গে নে যাও. এখন একটু হাওয়া খাও, তিনি এলে তখন বুট শুদ্ধ লাথি খেয়ো, এই এনাম নাও, খুসী হ'য়ে তফাতে দাঁড়াও। ( গাধার টুপী দেওন )

পরীগণ। ( গীত )

জরুকা জুতিসে ভর্ত্তি হোয়ে পেট,
বেসক্ তোমারা বেকুবী ঠেট্,
হো যাও খুসী,
দেখে সব কোই খাক্‌মুকি হাসি
পিযাও থোড়া যব্ মিলে জহর ॥

( মেয়ে ছেলের প্রবেশ )

পরী-মন্ত্রী। তোমারা খুব এক জোড়া বেকুবের পিল, তোমরা বড় হ'লে তোমাদের টক্কর দেওয়া হবে মুস্কিল ; দিন দিন এখন বাড়্‌ছে আক্কেল, সহর যুড়ে দেখাচ্ছ বেকুবীর খেল, এই এনাম নাও, তফাতে দাঁড়াও, তোমাদের বাবা আর মাষ্টার আস্‌ছে তাদের সঙ্গে নে চ'লে যাও।

পরীগণ। (গীত)

বেকুবকা পিল্‌,
দোনোকা যুড়ী মিলানা মুস্কিল,
হো যাও খুসী, দেখে সব কোই খাক্‌মুকি হাসি,
বাড়্‌তে রহো খুব বাড়েগা দর॥

(গদায়ের প্রবেশ)

পরী-মন্ত্রী। তুমি মাষ্টার,তোমার পরিচয় চাইনে আর; এই যে এত বেকুবীর বাহার, এ কীর্ত্তি সুধু তোমার নয়, তোমার মতন যে যে আছেন আর; ছেলেকে সুশিক্ষা দিবে, স্বধর্ম্মে রাখ্‌বে, বাপ মা মানী লোককে মান্য ক'র্ত্তে শেখাবে, তা নয়, তুমি বড় বেকুব, তুমি না থাক্‌লে বেকুব কিসে জন্মায়, তুমি জবর বেকুব বটে, কিন্তু ফাষ্ট প্রাইজটে তোমার কপালে কই ঘটে, তোমার মতন এনাম নাও, খুসী হ'য়ে চলে যাও। (এনাম প্রদান)

পরীগণ। (গীত)

তোম্‌ বহুৎ হুসিয়ার, বেকুবী উম্‌দা তুহার,
হো যাও খুসী, দেখে সব কোই খাক্‌মুকি হাসি,
জিতা রহো ভাই আবি মৎ মর॥

(ডসের প্রবেশ)

পরী-মন্ত্রী। চিনেছি তুমি মিষ্টার ডস্‌, তোমার আক্কেল্‌

দেখেই বশ্‌,তুমি বাপের সঙ্গে ডুয়েল্‌ লড়্‌তে যাও,বল দেখি এমন সূক্ষ্ম বুদ্ধি কোথায় পাও ? বাপ্‌কা বেটা সেপাইকা ঘোড়া, না ? কতক মত গেল জানা ; তোমার মতন এনাম নাও, খুসী হ'য়ে চ'লে যাও ; আর ফুলকপীউলী যদি চাও, ঐ ওখানে দাঁড়িয়ে আছে কোর্টসিপ্‌ করগে।

পরীগণ। (গীত)

দাসজী হোকে তোম নাম লিয়া ডস্‌,
বাপ্‌সে লড়াই মাঙ্গো জিতা রহো বস্‌,
হো যাও খুসী, দেখে সব্‌ কোই খাক্‌মুকি হাসি
যেসা কর্‌তেহো ভাই ওসি তু কর।

(কর্ত্তার প্রবেশ)

পরী-মন্ত্রী। তুমি বেকুবের ধাড়ী,তোমার আক্কেলেই বাংলায় বেকুবের ছড় াছড়ি, তোমার গুণের পালান দিতে নেই, তোমার যোগ্য কি পরীস্থানে এনাম আছে ছাই ? বড় ছেলেটী ক'রেছ মিষ্টার ডস্, ঐ একটীতেই দেশ যুড়ে গাইত যশ, তাতেই কি তুমি ছাড় ? জেনে শুনে, টাকার জন্যে, পরকে বে দিতে গেলে ছেলের ক'নে, কচি দুটী ছেলে মেয়ে কচ্চ খুনে, হিঁদুর ঘরে জন্মে রাখ্‌বে বাপ পিতাম'র ধর্ম্মকর্ম্ম, তোমায় দেখে ছেলে পুলে সব শিখ্‌বে, না তুমি আপনার ছেলে গোল্লায় দেবে। বাপ যদি সম্‌ঝে চলে,যেমন দেখায় তেম্‌নি শেখে ছেলে পুলে, নিজ ধর্ম্মে থাকে, দেশের গৌরব রাখে। যে হিন্দু ধর্ম্মের জন্যে প্রাণ দেয়, সেই হিন্দুকুলে জন্মে ধর্ম্মকর্ম্ম দিচ্ছ গোল্লায়, তুমিই বেকুবের বাদ্‌সা, এই এনাম নাও খাসা। (এনাম প্রদান)

পরীগণ। (গীত)

ক্যা কহে বেকুবকা বাদ্‌সা তোম্‌।
মালুম্‌ নেই কোন্‌ হ্যায় তুহারা যম্‌॥
হো যাও খুসী, দেখে সব কোই খাক্‌মুকি হাসি,
উম্‌দা বাদ্‌সাই তাজ শীরমে ধর।

(হাজরা বিবির প্রবেশ)

পরী-মন্ত্রী। পেছিয়ে কেন ঠাকরুণ, ঝুন্‌ ঝুন্‌ ক'রে এ দিকে চ'লে আসুন, ফের,দেখাও তোমার চন্দ্রবদনখানি,যে হিন্দুর রমণী স্বামীর পূজা করে, স্বামীর সঙ্গে সহমরণে মরে, শ্বশুর শ্বাশুড়ীকে দেবতা জানে, গুরুজনের সেবায় থাকে রেতে দিনে, তুমি সেই হিন্দুরমণী কিন্তু হদ্দ তোমার কার্‌দানি, শ্বাশুড়ীকে ফাউল্‌ রাঁধাও, শশুরকে বাবুর্চ্চী কর, আর স্বামীকে বুট শুদ্ধ চাট্‌ মার। বেকুব্‌নীর রাণী এই এনাম্‌ পর, আর এই আঁস্‌ বঁটিটী নাও, নাক্‌টী ক্যান্‌টী কেটে রেখে যাও। (এনাম প্রদান)

পরীগণ— (গীত)

বেকুব্‌কা তোম্‌ হো রাণী সাচ্চা,
এস্‌সে পিন্‌হো বুট মজবুৎ আচ্ছা,
হো যাও খুসী, দেখে সব্‌ কোই খাক্‌মুখি হাসি,
বাংলা চেক্‌না তোম্‌সে লাগা বেওজর।

(থিয়েটারের ম্যানেজারের প্রবেশ।)

থিয়েটারের ম্যানেজার। বাদ্‌সাজাদী, আমি থিয়েটারের ম্যানেজার, আমার কিছু এনাম্‌ মিললো না।

পরী-মন্ত্রী। এনাম্‌ তো তোমারা হর্‌রোজ মিল্‌তা, সহরমে কব্‌ তোম্‌কো গালি নেহি দেতা। মেহনৎ উঠায়কে, হর্‌ রাত জাগ্‌কে কব্‌ নেহি দেতেহো জান্‌, এত্তেমে নেহি হুয়া বেইমান্‌, আও হিঁয়া ডাল্‌ দেতা কান্‌।

(পুঁটের প্রবেশ)

পুঁটে। আমার কিছু মিল্‌লো না?

পরী-মন্ত্রী। রন্‌জ মৎ করো, হর্‌ সাল কিস্‌মিস্‌ মে বেকুব তোম্‌সে লেগা, মৎ ডরো।

পরী-জিনী। (গীত)

কহো ক্যাসা জমা খেলা।
কিরা মেরি নেহি বুরা বোলো
বোলো মজেকি মেলা।
চেক্‌না রাতি কর চেক্‌না দেল্‌
নেহি ফিন্‌ তোম্‌সে না হোগা মেল্‌
নেহি খেলেঙ্গে খেল্‌,
নেহি ভালা বোলো, জেরা হাস্‌কে চলো,
তব্‌বি সম্‌ঝেগা বাৎ মেরা নেহি টেলা।